চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
জেলা-চুয়াডাঙ্গা
www.chuagangapourashava.org

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০১৬/১৯৬ তারিখ-১৬/০২/২০১৬ইং।

## ‘‘পৌর নাগরিকদের জ্ঞাতার্থে বিশেষ সংবাদ বিজ্ঞপ্তি’’

এতদ্বারা সম্মানিত পৌর নাগরিকদের অবগতির জন্য জানাচ্ছি যে, আমি মোঃ ওবায়দুর রহমান চৌধুরী গত ইং ৩০ ডিসেম্বর’২০১৫ তারিখ অনুষ্ঠিতব্য পৌর নির্বাচনে আপনাদের ভোটে নির্বাচিত হই। এর মধ্যে জানতে পারি যে, গত ইং ২৪/০১/২০১৬ তারিখ দিবাগত রাতে কোন এক সময় পৌরসভার মেয়র’র অফিস কক্ষের পূর্বদিকের জানালার গ্লাস কে বা কাহারা পাথরের বড় টুকরা দ্বারা আঘাত করে ভাঙ্গে। যার প্রেক্ষিতে চুয়াডাঙ্গা সদর থানায় সাধারণ ডায়েরী করা হয়। যার নং-১০৬০, তারিখ-২৫/০১/২০১৬ই।

২য় দফায় ইং২৬/০১/২০১৬ তারিখ দিবাগত রাত আনুমানিক ১২.২৫ মিনিটের সময় অফিসে কর্তর্বরত নৈশ্য প্রহরী বিকট শব্দ শুনিয়া ভবনের পূর্ব দিকে যাইয়া দেখে একজন মুখোশধারী পালিয়ে যাচ্ছে। পরবর্তিতে ২৭/০১/২০১৬ তারিখ সকালে মেয়র অফিস কক্ষ পরিস্কার পরিচ্ছন্ন করতে গেলে দেখা যায় অফিস কক্ষের জানালার কাঁচ ভাঙ্গা রয়েছে এবং কয়েকটি পাথরের টুকরা পড়ে আছে। পূর্বের তুলনায় বেশী ক্ষতি সাধিত হয়েছে।

দাপ্তরিক প্রয়োজনে দায়িত্ব গ্রহনের আগের দিন ইং ০৩/০২/২০১৬ তারিখ বিকালে ভাঙ্গা গ্লাসগুলি পরিবর্তন করা হয় যার বিল এখনও পরিশোধ করা হয়নি।

এর মধ্যে আমি দাপ্তরিক কাজে ঢাকায় যায় এবং পুনরায় জানিতে পারি যে, ৩য় দফায় ইং ১৫/০২/২০১৬ তারিখ দিবাগত রাত আনুমানিক ১২.৪৫ মিনিটের সময় অফিসে কর্তব্যরত নৈশ্য প্রহরী বিকট শব্দ পাইয়া ভবনের পূর্ব দিকে য়ায়। এবং দেখে আগের ন্যায় একজন মুখোশধারী পালিয়ে যাচ্ছে। পরবর্তিতে ১৬/০২/২০১৬ইং তারিখ সকালে অফিস পরিস্কার পরিচ্ছন্ন করার সময় দেখা যায় যে, পূর্ব দিকের জানালার গ্লাস ভাঙ্গা আছে। কাঁচের টুকরা গুলি মেঝেতে পড়ে আছে।

বিষয়টি আপনাদের সদয় অবগতির জন্য জানানো হ’ল।

(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।
ফোন ঃ ০৭৬১-৬২২৮১
E-mail: mayor16cp@gmail.com

# দৈনিক মাথাভাঙ্গা, চুয়াডাঙ্গা

২৮ জানুয়ারি ২০১৬ চুয়াডাঙ্গা

## চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়ে মেয়রের কক্ষে আবারও ঢিল ছুঁড়ে জানালার কাঁচ ভাঙচুর

**স্টাফ রিপোর্টার:** চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়ের মেয়রের কক্ষে আবারও পাথরের ঢিল ছুঁড়ে জানালার কাঁচ ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। গত মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ঘটনাটি ঘটেছে বলে পৌরসভার পক্ষে সচিব কাজী শরিফুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে জানানো হয়। প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৬ জানুয়ারি মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১[illegible]র দিকে পৌরসভা কার্যালয়ে কর্তব্যরত নৈশপ্রহরী বিকট শব্দ শুনে কার্যালয়ের পূর্ব দিকে ছুটে গিয়ে দেখেন একজন মুখোশধারী ব্যক্তি পালিয়ে যাচ্ছে। তাৎক্ষণিক তিনি পৌর সচিবকে বিষয়টি অবহিত করেন। পরে সকালে কার্যালয় পরিষ্কার করার সময় দেখা যায়, পাথরের টুকরার আঘাতে মেয়র মহোদয়ের অফিস কক্ষের জানালার বেশ কয়েক জায়গার কাঁচ ভাঙ্গা এবং পাথরের টুকরোগুলো পড়ে আছে।

উল্লেখ্য, গত ২৪ জানুয়ারি রোববার দিবাগত রাতে কোনো এক সময়ে পৌরসভা কার্যালয়ের মেয়রের কক্ষের পূর্ব দিকের গ্লাস লাগানো জানালায় অজ্ঞাত কে বা কারা পাথরের ঢিল ছুঁড়ে মারে। এতে জানালার কাঁচ ভেঙে যায়। পরে পৌরসভার পক্ষ থেকে চুয়াডাঙ্গা সদর থানায় সাধারণ ডায়েরি করা হয়। তবে পূর্বের তুলনায় এবার ক্ষতির পরিমাণ বেশি বলে জানান পৌর সচিব কাজী শরিফুল ইসলাম।

শতবর্ষী মহিলার মৃত্যু

২৬ জানুয়ারি ২০১৬ চুয়াডাঙ্গা

## চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়ে মেয়রের চেম্বারে পাথর কুচির ঢিল ছুড়ে জানালার কাঁচ ভাঙার অভিযোগ : জিডি

**স্টাফ রিপোর্টার:** চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়ে মেয়রের চেম্বারে পাথর কুচির ঢিল ছুড়ে জানালার কাঁচ ভেঙেছে দুর্বৃত্তরা। গত রোববার রাতে ঘটনাটি ঘটেছে বলে পৌরসভা কর্মচারীদের ধারণা। গতকাল সন্ধ্যায় পৌরসভার পক্ষ থেকে চুয়াডাঙ্গা সদর থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

জানা গেছে, চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়ে মেয়রের চেম্বারে পাথর কুচির ঢিল ছুড়ে মারার কথা চারিদিকে ছড়িয়ে পড়লে জনমনে নানা প্রশ্নের দানা বাঁধতে শুরু করে। তবে কী কারণে ওই ঢিল ছোড়া হয়েছে তা কেউ বলতে না পারলেও স্থানীয় লোকজনের অনেকে বলেছেন ভিন্ন কথা।

এ বিষয়ে প্রতিষ্ঠানটির সচিব কাজী শরিফুল ইসলাম মাথাভাঙ্গাকে জানান, যে বা যারাই কাজটি করে থাকুক, তা অত্যন্ত জঘন্য একটি বিষয়। গতকাল সোমবার সকালে কর্মচারীরা ঝাড়ু দিতে গিয়ে বিষয়টি দেখে জানালে সন্ধ্যায় পৌরসভার পক্ষ থেকে চুয়াডাঙ্গা সদর থানায় সাধারণ ডায়েরি করা হয়।

দৈনিক মাথাভাঙ্গা
The Daily Mathabhanga
১৭ ফেব্রুয়ারি # বুধবার # ২০১৬

# চুয়াডাঙ্গা পৌর মেয়রের কক্ষের জানালার কাঁচ আবারও পাথর ছুড়ে ভেঙেছে দুর্বৃত্তরা

**স্টাফ রিপোর্টার:** চুয়াডাঙ্গা পৌর মেয়রের কার্যালয়ের জানালার কাঁচ আবারও দুর্বৃত্তরা ভাঙচুর করেছে। গত সোমবার রাতে তৃতীয়বারের মতো পাথর ছুঁড়ে জানালার কাঁচ ভাঙচুরের ঘটনা ঘটলো।

গত ২৪ ও ২৬ জানুয়ারি দুদফা দুর্বৃত্তরা জানালার কাঁচ ভাঙে। যে ঘটনায় গত ২৫ ও ২৭ জানুয়ারি চুয়াডাঙ্গা সদর থানায় পৃথক দুটি সাধারণ ডায়েরি করা হয়। চুয়াডাঙ্গা পৌরসভার সচিব কাজী শরিফুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ১৫ ফেব্রুয়ারি রাত আনুমানিক পৌনে ১টার দিকে অফিসে কর্তব্যরত নৈশপ্রহরী বিকট শব্দ পেয়ে ভবনের পূর্ব দিকে গিয়ে দেখেন আগের মতো একজন মুখোশধারী পালিয়ে যাচ্ছে। পরবর্তীতে ১৬ ফেব্রুয়ারি সকালে অফিস কক্ষ পরিষ্কার করার সময় দেখা যায় যে, পূর্ব দিকের জানালার কাঁচ ভাঙা আছে। কাঁচের টুকরোগুলো মেঝেতে পড়েছিলো।

# মেহেরপুরের বুড়িপোত নেশাখোর তাড়িয়ে

**মেহেরপুর অফিস:** মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের দক্ষিণ পার্শ্বস্থ হযরত শাহ সুফী বাগু দেওয়ান ওলির পবিত্র মাজার শরীফ হতে মাদকাসক্তদের বিতাড়িত ও মাদকের হাত থেকে যুবসমাজকে রক্ষা করতে মাজার

বরাবর

ভারপ্রাপ্ত কর্মকর্তা
চুয়াডাঙ্গা সদর থানা
চুয়াডাঙ্গা।

বিষয় ঃ জিডি প্রসঙ্গে।

জনাব

সবিনয় নিবেদন এই যে, আমি চুয়াডাঙ্গা পৌরসভার সচিব কাজী শরিফুল ইসলাম। আপনার থানায় উপস্থিত হইয়া জানাইতেছি যে অদ্য ইং ২৫-০১-২০১৬ তারিখে সকাল ৯.০০ ঘটিকায় পৌরসভা অফিসে উপস্থিত হইয়া কর্মচারীদের নিকট জানিতে পারিলাম যে, পৌরসভার মেয়র মহোদয়ের অফিস কক্ষের পূর্বে দিকের গ্লাস লাগানো জানালা দুই জায়গায় ভাঙ্গা রহিয়াছে। আমি সাথে সাথে মেয়র মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত হইয়া দেখিলাম যে উক্ত জানালার দুই স্থানে ভাঙ্গা রহিয়াছে এবং কয়েকটি পাথরের টুকরা পড়িয়া রহিয়াছে।কেহ বা কাহারা পাথর দ্বারা আঘাত করিয়া উক্ত জানালা ভাঙ্গিয়াছে।

অতএব,

বিনীত নিবেদন পৌরসভার অফিস ভবন একটি সরকারী সম্পত্তি হওয়া উপরের বিষয়াদি সহানুভুতির সহিত বিবেচনা করতঃ জিডি গ্রহন করিতে মর্জি হয়।

চুয়াডাঙ্গা থানার
সাধারণ ডায়েরী
নং-১০৮০ তাং
২৫/১/২০১৬ ইং
স্বাক্ষর
২৫/১/২০১৬ইং

ডিউটি অফিসার
চুয়াডাঙ্গা থানা
চুয়াডাঙ্গা।

২৫/০১/১৬
কাজী শারিফুল ইসলাম
সচিব
চুয়াডাঙ্গা পৌরসভা।

# ইং ১৫/০২/২০১৬ তারিখ দিবাগত রাতে কাঁচ ভাঙ্গার আলোক চিত্র







